ইত্তেফাক

তারিখ ১১/১/৮২

পৃষ্ঠা ... কলাম ...

১৭

# কারমাইকেল কলেজ বিশ্ববিদ্যালয় হইবে —শাহ আজিজ

রংপুর, ১০ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)— শিক্ষা দফতরের দায়িত্ব ন্যস্ত, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান আজ সকালে রংপুর কারমাইকেল কলেজ পরিদর্শনকালে ঘোষণা করেন যে, আজ হইতে এই কলেজ রংপুর কারমাইকেল কলেজ বিশ্ববিদ্যালয় নামে পরিচিত হইবে এবং আগামী তিন বছরের মধ্যে এই কলেজ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হইবে। পরে রংপুর জেলা বিএনপির উদ্যোগে স্থানীয় পাবলিক লাইব্রেরী ময়দানে আয়োজিত এক জনসভায় প্রধানমন্ত্রী বলেন, খুব শীঘ্রই রংপুরে মন্ত্রী পরিষদের এক বৈঠকে রংপুরের উন্নয়ন কর্মসূচী গ্রহণ করা হইবে। তিনি বলেন, বর্তমান সরকার গণতন্ত্রমনা। বাকশালীদের মত কণ্ঠরোধকারী সরকার নয়। বাকশালীরা সকল সংবাদ-পত্র বন্ধ করিয়া মাত্র ৪টি দৈনিক পত্রিকা চালু রাখিয়াছিল। বর্তমান সরকার ৪৬০টি পত্রিকা চালু রাখিয়াছেন। বাকশালী আমলে দেশে আইন-শৃঙ্খলার অবনতি ঘটিয়াছিল। বর্তমান সরকার দেশে আইন-শৃঙ্খলার

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## কারমাইকেল কলেজ

(১ম পৃঃ পর)

যথেষ্ট উন্নতি সাধন করিয়াছেন। তিনি বলেন, বাকশালীরা ধ্বংসের রাজনীতিতে বিশ্বাসী। স্থানীয় বিএনপি সভাপতি জনাব গাজী মোহাম্মদ ইব্রাহিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তৃতা করেন ডাক, তার ও টেলিফোন মন্ত্রী জনাব মাঈদুল ইসলাম, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রতিমন্ত্রী ডাঃ আর এ গনি, স্থানীয় সংসদ সদস্য রেজাউল হক সরকার রানা, সংসদ সদস্য জনাব মইনুদ্দিন সরকার প্রমুখ।